



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (বিএম শাখা)

Website: www.bteb.gov.bd



প্রতিদিন অন্ততঃ একবার  
ব্রাউজিং করে ওয়েবসাইট ভিজিট

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.১৪০.১৯.২৫৫

তারিখ : ৩১-১২-২০১৯ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

**বিষয় :** তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ ও হার্ডকপি দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরিচালিত এইচএসসি (বিএম), (ভোক) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম) একাদশ ও দ্বাদশ শ্রেণি ও ডিপ্লোমা-ইন-কমার্স ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনলাইনে ০৫/০১/২০২০ হতে ১৫/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রত্যেক বিষয়ে নম্বর প্রদানের পর Send বাটনে ক্লিক করার পূর্বে অবশ্যই তা TC, PC মার্কস এন্ট্রিকৃত খাতার সাথে অনলাইনে প্রদানকৃত মার্কস মিলিয়ে নিতে হবে যাতে কোন ধরনের ভুল (যেমন ২০ এর স্থলে ০ অথবা ২ এন্ট্রি করা, নম্বর ব্যতীত অন্য কোন অক্ষর এন্ট্রি করা অথবা অনুপস্থিত শিক্ষার্থীর কলামে A না লিখা ইত্যাদি) না থাকে। প্রেরিত নম্বরের Print Preview দেখে নিশ্চিত হয়ে তার হার্ড কপি ১৬/০১/২০২০ তারিখে হতে প্রিন্ট করা যাবে। ১৬/০১/২০২০ তারিখের পূর্বের প্রিন্ট কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না। অনলাইনে প্রেরিত কপির ছবছ হার্ডকপি দাখিল করতে হবে কোনরূপ ঘষামাজা, সংশোধন, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য হবে না।

**TC, PC নম্বর ও ফরম ফিলাপ এর হার্ডকপি, BTEB Payment Voucher, পরীক্ষার্থীর ফরম ফিলাপের তালিকা (হার্ডকপি ও সফটকপি) প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ কেন্দ্র সচিবের নিকট পরীক্ষার মালামাল ও প্রবেশপত্র গ্রহণের পূর্বেই জমা দিতে হবে। অন্যথায় ঐ প্রতিষ্ঠানের প্রবেশপত্র প্রদান করা হবে না।**

উক্ত কেন্দ্রের আওতাধীন সকল প্রতিষ্ঠানের **TC, PC নম্বর ও ফরম ফিলাপ এর হার্ডকপি, BTEB Payment Voucher, কেন্দ্র সচিব পরীক্ষার মালামাল ও প্রবেশপত্র গ্রহণের সময় বোর্ডের ১০ তলায় বিএম শাখায় জমা দিবেন।** উল্লেখ্য কেন্দ্র সচিবগণ তার কেন্দ্রের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর তালিকা (সফটকপি) সংগ্রহ করে তালিকাগুলো একত্র করে একটি পূন্য তালিকা [btebbm@gmail.com](mailto:btebbm@gmail.com) এ Email করে পাঠাতে হবে।

সফটকপি পাঠানোর নমুনাঃ

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	পিতার নাম	মাতার নাম	রেজিস্ট্রেশন নং	রোল নং	সেশন	বর্ষ	ধরন নিয়মিত/অনিয়মিত	মন্তব্য

**উল্লেখ্য কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর নির্ধারিত সময়ে Online -এ প্রেরণ করা না হলে অথবা যেকোন ধরনের ভুলের কারণে অকৃতকার্য মার্কস এন্ট্রি হলে অথবা TC, PC তে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই ঐ পরীক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।**

**বিঃদ্রঃ-** ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে জানানো হবে। এতদসংক্রান্ত তথ্যাদি বোর্ডের ওয়েবসাইট [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)-তে পাওয়া যাবে এবং TC, PC মার্কস প্রেরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরগুলোতে যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ৯১১৩২৮৩

তারিখ : ৩১-১২-২০১৯ খ্রিঃ

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.১৪০.১৯.২৫৫(১১)

অত্র বিজ্ঞপ্তির প্রতিলিপি অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হল :-

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম,ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান। (নির্ভুল ভাবে অনলাইনে TC, PC নম্বর প্রেরণ করাসহ পরীক্ষা সমাপ্ত হওয়ার সাথে সাথে ট্রেজারী/থানা লকারে রক্ষিত ট্যাংক বোর্ডের ৮ম তলায় (গোপনীয় শাখা) পাঠানো নিশ্চিত করুন)।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি।

৩১/১২/২০১৯

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন : ৫৫০০৬৫২৯